

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
www.dgfood.gov.bd
dcl.nbj@dgfood.gov.bd

তারিখ: ১০/৮/২০২৬

স্মারক নং-১৩.০১.৭০০০.০০২.৩২.০০৪.২৬

বিষয়ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন শিবগঞ্জ উপজেলার চামারপাড়া, কোর্ট বাজার, সেলিনাবাদ, শিবগঞ্জ আবাসিক এলাকার ক্যাম্পাসে শিবগঞ্জ এলএসডির প্রস্তাবিত স্থানে একটি নতুন খাদ্যগুদাম নির্মানের জন্য বিভিন্ন প্রজাতির ছোট, বড় মোট ৫২ টি গাছ (কাঠ ও জ্বালানী হিসেবে ব্যবহারযোগ্য এবং যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়কৃত গাছ কাটার কার্যাদেশ।

সূত্রঃ ১) এ কার্যালয়ের ১৮/০৮/২০২৬ তারিখের ১৭৬৫(১০) নং স্মারক ও ২৭/০৮/২০২৬ তারিখে অনুষ্ঠিত নিলাম কমিটির সভার সিদ্ধান্ত।
উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়কে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন শিবগঞ্জ উপজেলার চামারপাড়া, কোর্ট বাজার, সেলিনাবাদ, শিবগঞ্জ আবাসিক এলাকার ক্যাম্পাসে শিবগঞ্জ এলএসডির প্রস্তাবিত স্থানে একটি নতুন খাদ্যগুদাম নির্মানের জন্য বিভিন্ন প্রজাতির ছোট, বড় মোট ৫২ টি গাছ (কাঠ ও জ্বালানী হিসেবে ব্যবহারযোগ্য এবং যেখানে যে অবস্থায় আছে) নিলাম ডাকের জন্য এ কার্যালয়ের ১৮/০৮/২০২৬ তারিখের ১৭৬৫(১০) নং স্মারকে বিজ্ঞপ্তি জারি করা হয়। সে অনুযায়ী ২৭/০৮/২০২৬ তারিখে অনুষ্ঠিত নিলাম ডাকে আপনার প্রদত্ত দর ২,০২,০০০/- (দুই লক্ষ দুই হাজার) টাকা সর্বোচ্চ হওয়ায় জেলা নিলাম কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে Letter of Intent প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত Letter of Intent অনুযায়ী নিলামে উদ্ধৃত ২,০২,০০০/- (দুই লক্ষ দুই হাজার) টাকা (২৪৮-০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ কোডে), ভ্যাট বাবদ উদ্ধৃত দরের ১৫% হারে ৩০,৩০০/- (ত্রিশ হাজার তিনশত টাকা) ১১৪১১০১ কোডে এবং AIT (আয়কর) বাবদ উদ্ধৃত দরের ১০% হারে ২০,২০০/- (বিশ হাজার দুইশত টাকা) ১১১১১০১ কোডে পৃথক পৃথক এ-চালানমূলে জমা প্রদান করায় নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগামী ০৭(সাত) দিনের মধ্যে বিক্রিত গাছ অপসারণের জন্য এ কার্যাদেশ প্রদান করা হলো।

শর্তাবলী:

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তার প্রত্যক্ষ তদারকীতে বিক্রিত গাছ অপসারণ করতে হবে।
- ২। দরপত্র দাতাকে যথেষ্ট সতর্কতার সাথে শিকড়সহ গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে। অসতর্কতার কারণে গাছ অপসারণের সময় পার্শ্বের কোন গাছ, ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত/বিনষ্ট হয় তাহলে গাছের ও ঘরবাড়ির মূল্য বাজার দরের দেড়গুণ হারে দরদাতার নিকট হতে আদায় করা হবে। গাছ কাটার সময় যানবাহন, বৈদ্যুতিক তার মাটির উপরে ও নিচের টেলিফোনের তার ও সড়কের কোন ক্ষতি সাধন করা যাবে না। অনুরূপভাবে কোন ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট দরদাতা দায়ী থাকবেন এবং ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন। অন্যথায়, জামানতের টাকা হতে ক্ষতিপূরণের টাকা কর্তনপূর্বক সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৩। সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত গাছ স্থানান্তর করা যাবে না।
- ৪। দরপত্র দাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের পর লটের গাছ রক্ষণাবেক্ষণ ও বিক্রিত গাছের হেফাজতের পূর্ণ দায়িত্ব দরদাতার উপর থাকবে। যদি কোন দৈব্য দুর্বিপাক, প্রাকৃতিক দুর্যোগ বা আগুনে পুড়ে ইত্যাদি কারণে কোন গাছের ক্ষতি হয় সে জন্য সরকার দায়ী থাকবে না।
- ৫। খাদ্য বিভাগীয় কর্মকর্তার অনুমতি ব্যতিরেকে কৃতকার্য দরদাতা তার পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। দরদাতা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তার প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন। তার নিযুক্ত প্রতিনিধি অথবা শ্রমিকগণ যদি কোন প্রকার বে-আইনি কাজ করেন সেজন্য গাছ ফ্রেতা সম্পূর্ণ দায়ী থাকবেন।

২৮।

(মোহন আহমেদ)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
চাঁপাইনবাবগঞ্জ

প্রাপকঃ জনাব মোঃ আব্দুল করিম
একাডেমী মোড়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
মোবাইল নং-০১৭১০-০০১৯২৬

তারিখ: ১২/০৮/২০২৬

স্মারক নং-১৩.০১.৭০০০.০০২.৩২.০০৪.২৬.১১১৬/১ (৩২)
অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২। পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
- ৬। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রাজশাহী।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। এ চালান যাচাইপূর্বক যথানিয়মে ডি'র ইস্যু করার জন্য বলা হলো।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, রাজশাহী
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। নিলাম বিজ্ঞপ্তি অনুযায়ী আপনার এলএসডি'র গাছ বুঝিয়ে দেওয়ার জন্য বলা হলো।
- ১২। অফিস কপি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)

চাঁপাইনবাবগঞ্জ